

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

নং-৩৬.১০.০০০০.০১৬.২৩.০১১.১৬/২৫৫

তারিখ : ০৬ জুলাই, ২০১৭


বিজ্ঞপ্তি

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় নিম্নবর্ণিতভাবে ৬(ছয়)টি ক্যাটাগরিতে বাংলাদেশে চালু শিল্প/সেবা প্রতিষ্ঠানের “প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি পারফরমেন্স” এর ভিত্তিতে “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬” প্রদান করা হবে। এ এওয়ার্ড গ্রহণে আগ্রহী শিল্প/সেবা প্রতিষ্ঠানের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ক্যাটাগরি	শিল্পের ধরণ	আবেদনপত্রের মূল্য
১	ক্যাটাগরি-এ	বৃহৎ শিল্প	৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা
২	ক্যাটাগরি-বি	মাঝারী শিল্প	৩,০০০.০০ (তিন হাজার) টাকা
৩	ক্যাটাগরি-সি	ক্ষুদ্র শিল্প	২,০০০.০০ (দুই হাজার) টাকা
৪	ক্যাটাগরি-ডি	মাইক্রো শিল্প	১,০০০.০০ (এক হাজার) টাকা
৫	ক্যাটাগরি-ই	কুটির শিল্প	১,০০০.০০ (এক হাজার) টাকা
৬	ক্যাটাগরি-এফ	রাষ্ট্রায়ত্ত্ব শিল্প প্রতিষ্ঠান	৪,০০০.০০ (চার হাজার) টাকা

আবেদনের শর্তাবলী :

- (১) ক্যাটাগরি-ভিত্তিক শিল্পের সংজ্ঞা জাতীয় শিল্পনীতি-২০১৬ এর অধ্যায় ৩এ বর্ণিত (শিল্প ও শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস) শিল্প মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.moind.gov.bd) ও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ওয়েব সাইটে (www.npo.gov.bd) দেখা যাবে।
- (২) সকল সরকারি/বেসরকারি/বহুজাতিক/রেজিস্টার্ড (বাংলাদেশে ব্যবসায় নিয়োজিত) শিল্প/সেবা প্রতিষ্ঠান আবেদন করতে পারবে।
- (৩) কমপক্ষে ৩ (তিন) বছর উৎপাদন/সেবা কার্যক্রম চালু রয়েছে এ রকম শিল্প/সেবা প্রতিষ্ঠান আবেদন করতে পারবে।
- (৪) যে সকল প্রতিষ্ঠান “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৩ ও ২০১৫ এর মধ্যে যে কোন একটি এওয়ার্ড প্রাপ্ত হয়েছেন সে সকল প্রতিষ্ঠান “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড-২০১৬” এর জন্য বিবেচিত হবে না।
- (৫) শিল্প/সেবা প্রতিষ্ঠানের মালিক/মনোনীত প্রতিনিধিগণ ক্যাটাগরি ভিত্তিক এনপিও’র নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (৬) আবেদন ফরমের মূল্য বাবদ সংশ্লিষ্ট ফি সরকারী খাতে (১-৩৯৩৭-০০০০-২৬৮১) ট্রেজারী চালানোর মাধ্যমে জমাদানপূর্বক ট্রেজারী চালানোর মূল কপি দপ্তরে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন।
- (৭) আবেদনপত্র আগামী ২১ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) এনপিও কার্যালয়ে পৌঁছাতে হবে।
- (৮) ঋণ খেলাপী, কর বকেয়া, ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত এবং বৈদেশিক কোন ক্রেতার সাথে শিল্প বিরোধে জড়িত প্রতিষ্ঠানের আবেদন করার প্রয়োজন নাই।
- (৯) “সেবা প্রতিষ্ঠান” বলতে জাতীয় শিল্পনীতি-২০১৬ অনুযায়ী ঘোষিত সেবা খাতভুক্ত প্রতিষ্ঠানকে বুঝাবে।
- (১০) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন পত্র সরাসরি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (১১) বিস্তারিত তথ্যাদি ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ওয়েব সাইটে (www.npo.gov.bd) পাওয়া যাবে।


(এস. এম. আশরাফুজ্জামান)
পরিচালক (যুগ্ম সচিব)
ফোন : ৯৫৬২৮৮৩